“যে ব্যক্তি সন্ধ্যা বেলায় তিনবার বলে, (أَعُوذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ) সেদিন রাত্রে কোন বিষাক্ত প্রাণী তাকে কষ্ট দিতে পারবে না, যতক্ষণ না সে সকাল করে। আর যে ব্যক্তি সকালে তিনবার বলে, সেদিন সন্ধ্যা পর্যন্ত কোন বিষাক্ত প্রাণী তাকে কষ্ট দিতে পারবে না।”

আবূ খুযামাহ আব্দুল কারীম ইবনু আব্দুল্লাহ আল-খুযায়ী (রহিমাহুল্লাহ) বলেন, আমার পিতা, আমার দাদা, আমার পরিবারের একাধিক ব্যক্তি আমার নিকট বর্ণনা করেছেন তাদের পিতা থেকে, তিনি বলেন: “যে ব্যক্তি সন্ধ্যা বেলায় তিনবার বলে, (أَعُوذُ بِكَلِمَاتِ اللهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ) সেদিন রাত্রে কোন বিষাক্ত প্রাণী তাকে কষ্ট দিতে পারবে না, যতক্ষণ না সে সকাল করে। আর যে ব্যক্তি সকালে তিনবার বলে, সেদিন সন্ধ্যা পর্যন্ত কোন বিষাক্ত প্রাণী তাকে কষ্ট দিতে পারবে না।”
[সহীহ] [ইমাম নাসায়ী এবং ইবনুস সুন্নী বর্ণনা করেছেন]

এ হাদীসে আমাদের জন্য রয়েছে বিরাট কল্যাণ। আমরা যদি এটি নিয়মিত আমল করি তাহলে আমাদের সকল অনিষ্ট থেকে আল্লাহ আমাদের রক্ষা করবেন। আমাদের সন্তানদের রক্ষা করবেন। আমাদের পরিবারের সকলকে রক্ষা করবেন। আমাদের সম্পদ রক্ষা করবেন। আমাদের ঘর-বাড়ি রক্ষা করবেন। আমাদের গবাদি পশু রক্ষা করবেন। আমাদের ক্ষেত-খামার রক্ষা করবেন। আমাদের ব্যবসা-বাণিজ্য রক্ষা করবেন। আমাদের কর্মস্থল রক্ষা করবেন। আমাদের সকল কিছু রক্ষা করবেন। সুতরাং আমরা যদি এই আমলটি নিয়মিত করি তাহলে আমরা আল্লাহর পক্ষ থেকে বিশেষ হিফাযতে থাকব ইনশাআল্লাহ।

http://sunnah.global/hadeeth/bn/show/5932